



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৪৩০৫/৮২৫

তারিখ : ১৯/১১/২০২০ খ্রি.

বিষয় : সতর্কীকরণ প্রসঙ্গে

সূত্র : ক) জনাব মোঃ তারিকুল ইসলাম গং এর ২৮/১১/২০১৯ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং- ২০৭৫৪)।  
খ) জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট এর ১১/০৬/২০২০ খ্রি. তারিখের জেশিঅবা/২০২০/২৬৩ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন গোলবুনিয়া মাধ্যমিক বিদ্যালয়ের বিধি বহির্ভূতভাবে ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ তারিকুল ইসলাম গং এর অভিযোগের ভিত্তিতে যশোর শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জেলা শিক্ষা অফিসার, বাগেরহাটকে পত্র প্রদান করা হয় এবং তিনি ইতোমধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। প্রতিবেদনে তিনি উল্লেখ করেন বিধি মোতাবেক খসড়া ও চূড়ান্ত ভোটার তালিকা অনুমোদন, প্রিজাইডিং অফিসারের নিয়োগ, নির্বাচনী তফসিল ঘোষণা, পত্রিকায় প্রকাশসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। তবে লিখিত জবানবন্দি পর্যালোচনা করে দেখা যায়, ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম ব্যাপকভাবে প্রচার করা হয় নাই। এছাড়া নির্বাচনী কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় প্রিজাইডিং অফিসার কর্তৃক ঘোষিত নির্বাচনী তফসিল স্থানীয় পত্রিকায় প্রকাশ করা হয়েছে, কিন্তু নিবিড় মাইকিং করা হয় নাই। ফলে প্রচারণায় ঘাটতি রয়েছে বলে প্রতীয়মান হয়। এমতাবস্থায় ম্যানেজিং কমিটি গঠনের ক্ষেত্রে নির্বাচন সংক্রান্ত বিষয়ে ভবিষ্যতে আরও সতর্ক থাকার জন্য আপনাকে বলা হলো।


প্রধান শিক্ষক  
গোলবুনিয়া মাধ্যমিক বিদ্যালয় (১১৫০৭১)  
ডাকঘর : ফুলহাতা, উপজেলা : মোড়েলগঞ্জ, জেলা : বাগেরহাট


  
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।  
ফোন : ০৪২১-৬৮৬৩৪

স্মারক নং বিঅ ৬/৪৩০৫/৮২৫(১-৭)  
অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

তারিখ : ১৯/১১/২০২০ খ্রি.

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সংরক্ষণ নথি।

  
১৯.১১.২০২০  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

  
১৯/১১  
২০২০